

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৪ জন শিক্ষকের পদত্যাগ

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ),  
১৫ই জুন (নিজস্ব সংবাদদাতার  
টেলিফোন)—কৃষি বিশ্ববিদ্যালয়ের

কৃষি প্রকৌশল ও কারিগরি অনু-  
ষদের দ্বিতীয় বর্ষের ছাত্রদের  
অসৌজন্যমূলক আচরণ ও শিক্ষক-  
দের সম্মান রক্ষার্থে ন্যূনতম ব্যবস্থা  
গ্রহণে কতৃপক্ষীয় ব্যর্থতার প্রতি-  
বাদে আজ উক্ত অনুষদের ২৪জন  
শিক্ষক পদত্যাগ করিয়াছেন।  
পূর্বাঙ্কে শিক্ষকদের বৈঠক চলা-  
কালে দ্বিতীয় বর্ষের ছাত্ররা সকাল  
১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত  
তাহাদের ঘেরাও করিয়া রাখে  
এবং টেলিফোন লাইন বিচ্ছিন্ন  
(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### পদত্যাগ

(১ম পৃঃ পর)

করিয়া দেয়। ফলে বিশ্ববিদ্যালয়  
কতৃপক্ষ ও শিক্ষক পরিষদ ঘেরাও  
শিক্ষকদের সহিত যোগাযোগ  
করিতে ব্যর্থ হন। পরে শিক্ষকেরা  
পদত্যাগের সিদ্ধান্ত নেন।

উল্লেখ্য, গত ১৫ই জুন কৃষি  
প্রকৌশল ও কারিগরি অনুষদের  
দ্বিতীয় বর্ষের ছাত্রদের সমাপনী  
পরীক্ষায় প্রশ্ন পত্র কমন না পড়ায়  
তাহারা খাতাপত্র লইয়া হলের  
বাহির হইয়া যায়। এসময় সংশ্লিষ্ট  
অনুষদসহ অসংখ্য শিক্ষক ছাত্র-  
দের বুঝানোর চেষ্টা করিলে  
শিক্ষক ছাত্ররা হলের ভিতর  
শিক্ষকদের একঘণ্টা তালাবন্ধ  
করিয়া রাখে। এসময় একজন  
শিক্ষকের কক্ষে একটি বোমাও  
বিষ্ফোরিত হয়। ছাত্ররা নূতন  
প্রশ্নপত্রের মাধ্যমে নূতন করিয়া  
পরীক্ষা অনুষ্ঠান এবং তাহাদের  
চাকুরী প্রদানের ব্যাপারে  
একটি ডাইরেক্টরেট গঠনের দাবী  
জানায়।

ভাইস চ্যান্সেলর আজ উদ্ভূত  
পরিস্থিতি লইয়া শিক্ষকদের  
সহিত এক আলোচনা বৈঠকে  
মিলিত হন এবং শীঘ্রই এ  
ব্যাপারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহ-  
ণের আশ্বাস দেন। শিক্ষক  
পরিষদ এসকল ঘটনায় উদ্বেগ  
প্রকাশ করিয়া দোষী ছাত্র-  
দের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা  
গ্রহণের দাবী জানাইয়াছে।

ছাত্ররাও তাহাদের দাবীর সপক্ষে  
ক্যাম্পাসে মিছিল করিতেছে।  
এক সপ্তাহ যাবৎ ক্যাম্পাসে  
প্রতিদিন এক বা একাধিক হাত-  
বোমার বিষ্ফোরণ হইতেছে।